# আগস্ট/২০২৫ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ কমিটির মাসিক সভার কার্যবিবরণী:

প্রশাসক ঃ মোঃ মহিদুল হক
প্রশাসক, উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
কাউনিয়া, রংপুর।

তারিখ ঃ **১৪/০৮/২০২৫ খ্রি।**
সময় ঃ দুপুর ১২:০০ ঘটিকা ।
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "খ"

সভার শুরুতেই প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার মাসিক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় গত **১০/০৭/২০২৫ খ্রি.** তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ বিশেষ সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধন, বিয়োজন বা সংযোজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর অদ্যকার সভার নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

**স্থায়ী কমিটির সভা সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত :**

| ক্রঃনং | আলোচ্য সুচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | ইউনিয়ন/ওয়ার্ড সভা সম্পর্কিত আলোচনা | ইউনিয়ন/ওয়ার্ড কমিটির সভা সম্পর্কিত বিষয়ে আলোচনা হয়। উপস্থিত সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জানান যে, বিধি অনুযায়ী ইউনিয়ন ও ওয়ার্ড সভা অনুষ্ঠিত হচ্ছে। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কমিটির সভার কার্যবিবরণী প্রতিমাসে প্রেরণ করা হচ্ছে। | উপজেলা পরিষদ সভা অনুষ্ঠানের পূর্বে ইউনিয়ন কমিটির সভার কার্যবিররণী নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ও ইউপি/সচিব (সকল) কাউনিয়া, রংপুর। |
| ০২ | উপজেলার ইউনিয়ন পরিষদে UDC গুলির আয়ের তথ্য আপলোড এবং ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করন। | হারাগাছ পৌরসভা ও সকল ইউনিয়ন পরিষদ সমূহের UDC গুলির তথ্য বিষয়ে চেয়ারম্যানগণের নিকট জানতে চাওয়া হলে তাঁরা জানান UDC গুলির কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | হারাগাছ পৌরসভা ও ইউনিয়ন পরিষদ সমূহের UDC গুলো তদারকি করার জন্য মেয়র, হারাগাছ পৌরসভা ও সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয় | সংশ্লিষ্ট সকল |

**বিভাগ ভিত্তিক আলোচনা :**

**১.উপজেলা স্বাস্থ্য বিভাগঃ**

| ক্রঃনং | আলোচ্য সুচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | জুলাই/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

**২.উপজেলা কৃষি বিভাগ :**

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | জুলাই/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা কৃষি অফিসার বলেন যে, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা কৃষি অফিসার, কাউনিয়া, রংপুর। |

**৩. উপজেলা প্রাণী সম্পদ বিভাগঃ**

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | জুলাই/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা জানান যে, জুলাই/২৫ মাসে প্রায় ৯৯৮টি গাভীকে সরকারিভাবে কৃত্রিম প্রজনন, ১০৪১ টি গবাদিপশু ও ১২৯৪১টি হাঁস-মুরগীকে টিকা প্রদান করা হয়েছে। এছাড়া তাঁর কার্যালয়ের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

**৪. মৎস্য বিভাগ :**

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | জুলাই/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা মৎস্য অফিসার বলেন যে, তাঁর বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার , কাউনিয়া, রংপুর। |

**৫. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ**

<table>
<tr>
<td>০৫</td>
<td>জুলাই/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা।</td>
<td>
<table>
<tr><td rowspan="2">মাসের নাম</td><td colspan="3">অস্থায়ী পদ্ধতি</td><td colspan="2">দীর্ঘমেয়াদী পদ্ধতি</td><td colspan="2">স্থায়ী পদ্ধতি</td><td rowspan="2">সর্বমোট</td></tr>
<tr><td>খাবার বড়ি</td><td>কনডম</td><td>ইনজেকটেবলস</td><td>IUD</td><td>ইমপ্ল্যানন</td><td>পুরুষ</td><td>মহিলা</td></tr>
<tr><td>জুলাই/২০২৫</td><td>১৫</td><td>১৭</td><td>৩৫০</td><td>--</td><td>--</td><td>--</td><td>--</td><td>৩৮২</td></tr>
</table>
১। পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন এমআইএস ইউনিট কর্তৃক মাঠ পর্যায়ে জনসংখ্যা ও দম্পতি নিবন্ধন, তথ্য সংগ্রহ,সেবা প্রদানের তথ্যাদি সংরক্ষন, পতিবেদন প্রনয়ণ এবং প্রেরনের কার্যক্রম ডিজিটালাইজ করার লক্ষ্যে ২০১৫ সাল হতেই-এমআইএস কার্যক্রম গ্রহণ করা হয়। ইতিমধ্যে ৬টি জেলায় পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা প্রদানের তথ্য উপাত্ত ও সংরক্ষন প্রক্রিয়াকে ওপারলেস ঘোষণা করা হয়েছে।<br>
২। এরই ধারাবাহিকতায় সুবিধাজনক সময়ে রংপুর জেলাসহ আরো ১৬টি জেলার পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা প্রদানের তথ্য উপাত্ত ও সংরক্ষন প্রক্রিয়াকে ওপপারলেস ঘোষনা করা হয়েছে।<br>
৩ ।UH&FWC/MCWC গুলোতে,মা ও শিশু মৃত্যু রোধে সচেতনমুলক স্বাস্থ্য সেবা বৃদ্ধিসহ ২৪/৭ স্বাভাবিক প্রসব সেবা অব্যাহত আছে।<br>
৪। আবাসন/আশ্রয়ন/গুচ্ছগ্রাম-FPI,FWV ও FWA কতৃক প্রতিমাসে কার্যক্রম চালু আছে।<br>
৫। উক্ত উপজেলায় ৪১ টি ইউনিট হলেও কর্মরত FWAরয়েছে ৩৩ জন।<br>
৬। বিভাগীয় মাসিক সমন্বয় সভার দাপ্তরিক দিকনির্দেশনা প্রদান করা হয়েছে।
</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার কাউনিয়া, রংপুর।</td>
</tr>
</table>

৬.উপজেলা প্রকৌশল বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬ | জুলাই/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা প্রকৌশলী জানান যে,<br>১। প্রধান শিক্ষক ভূতছাড়া আদর্শ নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, কাউনিয়া, রংপুর আবেদন করেন যে, শহীদবাগ ইউনিয়নে ভূতছাড়া গ্রামে ০৯নং ওয়ার্ডে শামছুল এর বাড়ীর সংলগ্ন মানাস নদীর উপর দিয়ে অনেক ছাত্র-ছাত্রী ও লোকজন চলাচল করে। সেখানে কাঠের ব্রীজ নির্মাণ করা একান্ত প্রয়োজন।<br>২। তিনি জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে কাউনিয়া বাস ষ্ট্যান্ড হতে রেলষ্টেশনগামী রাস্তাটি এলজিইডি কর্তৃক আরসিসি(আংশিক)ও মেরামত সংস্কার করা হয়েছে। এতে করে উপজেলা পরিষদ প্রবেশ পথ, উপজেলা পরিষদ জামে মসজিদের সামনে, উপজেলা প্রাণী সম্পদ অফিসের প্রবেশ গেট, স্বাস্থ্য কমপ্লেক্স প্রবেশ পথ অনেক নিচু হয়েছে। উপজেলা উন্নয়ন তহবিল হতে প্রকল্প গ্রহণ করা যেতে পারে । | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে শহীদবাগ ইউনিয়নে ০৯ নং ওয়ার্ডের মানাস নদীর উপর কাঠের ব্রীজ নির্মাণের প্রাক্কলণ প্রস্তুত করে আগামী সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গ্রহীত হয়।<br>সভায় বিস্তারিত আলোচনান্তে কাউনিয়া বাসস্ট্যান্ড হতে রেল ষ্টেশনগামী রাস্তাটি উপজেলা পরিষদ প্রবেশরাস্তা, উপজেলা পরিষদ জামে মসজিদের সামনে, প্রাণী সম্পদ অফিসের গেট, স্বাস্থ্য কমপ্লেক্স মেইন দরজার সামনে নিচু স্থানে রাস্তা তৈরির প্রাক্কলন প্রস্তুত করে ২,০০,০০০/-(দুই লক্ষ)টাকার মধ্যে পিআইসি কমিটির মাধ্যমে কাজ করে উপজেলা উন্নয়ন তহবিল হতে চেক প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রকৌশলী এলজিইডি, কাউনিয়া। |

৭.উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | জুলাই/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে, DMS অ্যাপের মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন চলমান রয়েছে। GIS ম্যাপিং কার্যক্রম পরিচালনার জন্য ব্যানবেইস কর্তৃক ০৩ (তিন) জন তথ্য গণনাকারী অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রাপ্ত হন এবং শিক্ষা প্রতিষ্ঠানে তথ্য গণনাকারীদেরকে সকল প্রকার সার্বিক সহযোগিতা প্রদান করার নির্দেশ দেয়া হয়েছে। ০৯ মাস থেকে ১৫ বছর বয়সের শিক্ষার্থীদের টাইফয়েড টিকা গ্রহণের গুরুত্ব ও প্রয়োজনীয়তা সম্পর্কে অবগত করার জন্য সকল প্রতিষ্ঠান প্রধান ও আইসিটি শিক্ষকগণকে অনুরোধ করা হয়েছে। TCV টিকাদান কর্মসূচি সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় সহায়তার নির্দেশ দেয়া হয়েছে। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কাউনিয়া, রংপুর। |

৮.উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | জুলাই/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার জানান যে, শিক্ষকদের স্থানীয়করণ, পুলিশ ভেরিফিকেশনের কাজ চলমান। পিআরএল শিক্ষকের ছুটি নির্ধারণ ও বিল প্রদানের কার্যক্রম চলমান। অতিবৃষ্টির কারণে অফিস কক্ষে পানি জমে থাকে যা মেরামতের প্রয়োজন এবং অফিসের সামনে রাস্তায় মাটি ভরাট করা প্রয়োজন। ৪১টি বিদ্যালয়ে গত ০৪-০৮-২০২৫ খ্রি. তারিখে প্রজেক্টর বিতরণ করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা শিক্ষা অফিসার কাউনিয়া, রংপুর |

৯. উপজেলা সমাজ কল্যাণ বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯ | জুলাই/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা সমাজ সেবা অফিসার,কাউনিয়া, রংপুর। |

১০.উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১০. | জুলাই/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার জানান যে, তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,কাউনিয়া, রংপুর। |

১১. উপজেলা মহিলা বিষয়ক বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | জুলাই/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন যে,২০২৫-২০২৬ চক্রের ভিডব্লিউবি কার্যক্রমের আওতায় অত্র উপজেলারা খাদ্য বরাদ্দ পাওয়া গেছে যার উপবরাদ্দ প্রদান করা হয়েছে। তালিকায় সংশোধনী ও কার্ড প্রস্তুতের কাজ চলমান। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় প্রতি ইউনিয়নে ১০ জন করে উপকারভোগীর বরাদ্দ পাওয়া গিয়েছে। আবেদন এন্ট্রির জন্য পত্র প্রেরণ করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার কাউনিয়া, রংপুর। |

১২. উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | জুলাই/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজলো যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার কার্যালয়ের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার কাউনিয়া, রংপুর। |

১৩. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | জুলাই/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, নতুন অর্থ বছরে ক্ষুদ্র ঋণ ও উদ্যোক্তা ঋণ কার্যক্রম চলমান রয়েছে। তারুণ্যের উৎসব ২০২৫ উপলক্ষ্যে ১৬টি গাছের চারা বিতরণ করা হয়েছে। এছাড়া অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয় | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কাউনিয়া, রংপুর। |

১৪. উপজেলা সমবায় বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | জুলাই/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা সমবায় অফিসার বলেন যে, ২০২৫-২৬ অর্থবছরে ০১ (এক)টি কেন্দ্রীয় এবং ৯৬ (ছিয়ানব্বই) টি প্রাথমিক সমবায় সমিতির অডিট বরাদ্দ প্রদান করা হয়েছে। মার্চ/২৬ খ্রি. মাসের মধ্যে অডিট সম্পাদনের লক্ষ্যমাত্রা রয়েছে। টেপামধুপুর ইউনিয়নের 'বিশ্বনাথ আসল আতর আশ্রয়ণ (ফেইজ-২) প্রকল্প' এর ১০টি ব্যারাকে ২০টি পরিবারে ঋণ বিতরণ করা হয়েছে। ক্রমপুঞ্জিভূত ঋণের পরিমাণ ১১.৭২ লক্ষ টাকা। আদায়ের হার ৪৯%। তবে আশ্রয়ণটিতে অবকাঠামোগত মেরামত প্রয়োজন। দুগ্ধ সমবায় কার্যক্রম সম্প্রসারণ প্রকল্পের আওতায় ১০০(একশত) জন খামারী সমবায়ীর ২.০০ কোটি টাকা ঋণ প্রস্তাবনা প্রকল্প দপ্তরে অনুমোদনের লক্ষ্যে প্রেরণ করা হয়েছে। আশা করা যায় আগস্ট ২০২৫ খ্রি. মাসের শেষ সপ্তাহে বিতরণ সম্ভব হবে। এ প্রকল্পের আওতায় মিল্কভিটার ধনবাড়ী, টাঙ্গাইল প্লান্টের আওতাধীন গ্রীণ ফার্মিং কো-.অপারেটিভ, মুক্তদি-তে ৪ (চার) জন সমবায়ীর ২৫-০৭-২০২৫ খ্রি. হতে ২৩-০৯-২০২৫ খ্রি. মোট ৬০ (ষাট) দিন ব্যাপী কৃত্রিম প্রজনন বিষয়ক আবাসিক প্রশিক্ষণ চলমান রয়েছে। এছাড়া আইজিএ ট্রেডে | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয় | উপজেলা সমবায় অফিসার,কাউনিয়া, রংপুর। |

১৫. বন বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫ | জুলাই/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা বন অফিসার জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয় | উপজেলা বন কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

১৬.জনস্বাস্থ্য বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬. | জুলাই/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপ-সহকারী প্রকৌশল অধিদপ্তর (জনসাস্থ্য) জানান যে, তার বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয় | উপ-সহকারী প্রকৌশল জনস্বাস্থ্যকাউনিয়া, রংপুর। |

১৭. উপজেলা খাদ্য বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | জুলাই/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা খাদ্য কর্মকর্তা, জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

১৮. আনসার ও ভিডিপি বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | জুলাই/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা আনসার ভিডিপি অফিসার জানান যে, উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়, কাউনিয়া রংপুর এর নিজস্ব কোনো ভবন নেই। অফিসার কক্ষ, কর্মচারীদের কক্ষ, স্টোর রুম, ভাতাভোগী সদস্যদের কনফরেন্স রুম নেই। পূজা বা নির্বাচনসহ দেশের দূর্যোগ সময়ে আনসার ও ভিডিপি সদস্যদের ডিউটিতে মোতায়েনের ব্রিফিং, প্যারেড ইত্যাদি প্রয়োজনে নিজস্ব অফিসের প্রয়োজন। বর্তমানে সরকারের অর্থায়ণে আনসার ও গ্রামপ্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তরের সার্বিক পরিচালনায় বিভিন্ন উপজেলায় নতুন ভবন নির্মাণের কাজ চলমান। প্রশাসক উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা কমান্ড্যান্ট আনসার ও ভিডিপি, রংপুর এর সহযোগিতায় উপজেলা পরিষদের সাব-রেজিস্টার অফিসের পাশে মজা পুকুরটির ১৫ শতাংশ জমি প্রাথমিকভাবে নির্ধারণ করেছেন। ইতঃমধ্যে আনসার ও ভিডিপির বিভাগীয় ইঞ্জিনিয়ার জায়গাটি পরিদর্শন করেছেন। উক্ত পুকুরের উপর ৩৩ হাজার ভোল্টের পুরাতন বৈদ্যুতিক তার রয়েছে। বৈদ্যুতিক তার অপসারণ পূর্বক আনসার ও ভিডিপি কার্যালয়ের নতুন ভবনটির জন্য পুকুরটির ১৫ শতাংশ জমি উপজেলা পরিষদ সভায় অনুমোদনের জন্য প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ করা হলো। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের দক্ষিণ-পশ্চিম দিকের মজা পুকুরের জায়গাটি উপজেলা আনসার ও ভিডিপি অফিসের ভবন নির্মাণের জন্য সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী ও উপজেলা আনসার ভিডিপি অফিসার,কাউনিয়া, রংপুর। |

১৯. উপজেলা প্রাথমিক শিক্ষা প্রশিক্ষণ কেন্দ্রঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯ | জুলাই/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা ইনস্ট্রাক্টর জানান যে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রনালয় কর্তৃক অফিসের নাম 'উপজেলা রিসোর্স সেন্টার' থেকে পরিবর্তন করে 'উপজেলা প্রাথমিক শিক্ষা প্রশিক্ষণ কেন্দ্র (UPETC)' করা হয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, কাউনিয়া, রংপুর। |

২০. উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন :

| | | | | |
|---|---|---|---|---|
| ২০ | জুলাই/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

২১. উপজেলা পরিসংখ্যান বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ২১ | জুলাই/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, উপজেলা অফিসের ছাদ দীর্ঘদিন ধরে রক্ষনাবেক্ষণ না করায় প্লাস্টার খসে পড়ছে। সেগুলো মেরামত করা প্রয়োজন। এছাড়া বাথরুম সংস্কার ও দেয়াল পেইন্টিং করা প্রয়োজন। দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

বিবিধ :

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১। | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার বলেন যে তিনি সভায় অবহিত করেন যে, উপজেলা পরিষদের ভবনের টুকিটাকি মেরামত এবং মুক্তিযোদ্ধা ভবনের দীর্ঘদিন পড়ে থাকায় বর্তমানে ভাড়া প্রদানের সিদ্ধান হয়েছে কিন্তু টুকিটাকি মেরামত করা প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা গেজেটেড কোয়াটার, মুক্তিযোদ্ধা ভবন ও অফিসের টুকিটাকি মেরামত করে ভাউচার মূলে বিল রাজস্ব তহবিল (বাসাবাড়ি)খাত হতে চেক প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া, রংপুর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/০৮/২৫
(মোঃ মহিদুল হক)
প্রশাসক
উপজেলা পরিষদ,
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
কাউনিয়া, রংপুর।